# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

বিষয়: সিলেট সিটি কর্পোরেশনে গত ০১.১২.২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি, প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন |
| সভার তারিখ ও সময় | : | ০১ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ, সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | : | সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহ্বান জানানো হয়। অতঃপর সভার আলোচ্যসূচি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়ঃ

**২.০ সভার আলোচ্যসূচি:**

২.১ গত ১২.১১.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়। কোন ধরণের সংশোধনী আছে কিনা জানতে চাওয়া হয়। কার্যবিবরণীতে কোন ধরণের সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

২.২ ক) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, সিলেট সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ড হতে গড়ে ২৮-৩০টি কম্পেক্টর ও ২৫-৩০টি ট্রাকের মাধ্যমে বর্জ্য সংগ্রহ করা হতো। পরবর্তীতে আরও ১৫টি ওয়ার্ড অন্তর্ভুক্ত হলেও গাড়ীর সংখ্যা অপরিবর্তিত রয়েছে। বিগত ১বছরে এই সীমিত সংখ্যক গাড়ী নিয়ে কাজ করতে গিয়ে প্রচন্ড রকম চ্যালেঞ্জের সম্মুখীন হতে হচ্ছে। কার্যত জনগণের সেবা প্রদানের ক্ষেত্রে কাংখিত মান অর্জন করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য ইতোপূর্বে ৬৫টি ট্রাক ক্রয়ের জন্য প্রস্তাবনা দেওয়া হয়েছিল এবং বর্তমানে ৫২টি বর্জ্যবাহী বিভিন্ন ধরনের ট্রাকের মধ্যে ২৩টি ট্রাক ২মাসেরও অধিককাল ধরে অচল রয়েছে। বর্তমান পরিস্থিতিতে অনতিবিলম্বে ন্যুনতম ১৫টি ট্রাক ও ১০টি পিক-আপ ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বর্জ্য ব্যবস্থাপনা শাখার গাড়ী ক্রয়ের নিমিত্ত নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। রাজস্ব আয়ের সাথে সামঞ্জস্য রেখে পর্যায়ক্রমে প্রয়োজনীয় গাড়ী ক্রয় করা যেতে পারে বলে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** রাজস্ব আয় ও অর্গানোগ্রামের সাথে সামঞ্জস্য রেখে পর্যায়ক্রমে প্রয়োজনীয় সংখ্যক গাড়ী ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (বাস্তবায়নে: প্রশাসন শাখা)।

খ) সিলেট সিটি কর্পোরেশনে পূর্বে ২৭টি ওয়ার্ডের মধ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা ও বর্জ্য ফি আদায় কার্যক্রম সীমাবদ্ধ ছিল। বর্তমানে ৪২টি ওয়ার্ডের মধ্যে এই কার্যক্রম চলমান রয়েছে। বর্জ্য ব্যবস্থাপনা শাখার সুপারভাইজার ও বর্জ্য ফি আদায়কারীগণ পায়ে হেটে বর্জ্য ফি আদায় কার্যক্রম পরিচালনা করেন যা বাস্তবসম্মত নয় মর্মে প্রতীয়মান। বর্জ্য ফি আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত বর্তমানে অত্র শাখায় মাত্র ১৩টি মোটরসাইকেল রয়েছে। সামগ্রিক বিষয়াদি বিবেচনা করতঃ অত্র শাখার কার্যক্রমে গতিশীলতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত ওয়ার্ডসমূহের ভৌগলিক অবস্থান বিবেচনাপূর্বক জরুরী ভিত্তিতে ন্যুনতম ২৫টি মোটরসাইকেল ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বর্জ্য ব্যবস্থাপনা শাখার মাঠ পর্যায়ের কর্মীদের জন্য মোটর সাইকেল ক্রয়ের নিমিত্ত নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। রাজস্ব আয়ের সাথে সামঞ্জস্য রেখে পর্যায়ক্রমে প্রয়োজনীয় মোটর সাইকেল ক্রয় করা যেতে পারে বলে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** রাজস্ব আয় ও অর্গানোগ্রামের সাথে সামঞ্জস্য রেখে পর্যায়ক্রমে প্রয়োজনীয় সংখ্যক মোটর সাইকেল ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (বাস্তবায়নে: প্রশাসন শাখা)।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

গ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, ডাম্পিং গ্রাউন্ডের রাস্তা সম্পূর্ণ পাঁকা না থাকায় বর্জ্যবাহী গাড়ীসমূহ চলাচল করার কারণে বিভিন্ন সময় গাড়ীর যন্ত্রপাতি নষ্ট হচ্ছে এবং সুষ্ঠুভাবে বর্জ্য ব্যবস্থাপনা প্রায় অসম্ভব হয়ে দাড়িয়েছে। তিনি বলেন, ডাম্পিং গ্রাউন্ডের রাস্তা পাঁকাকরণ ও স্তুপকৃত ময়লা সুবিন্যস্ত করে স্থান সংকুলান করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ডাম্পিং গ্রাউন্ডের রাস্তা পাঁকাকরণ ও স্তুপকৃত ময়লা সুবিন্যস্ত করে স্থান সংকুলান করার বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** জরুরীভিত্তিতে ডাম্পিং গ্রাউন্ডের রাস্তা সংস্কার/পাকাকরণ এবং স্তুপকৃত ময়লা সুবিন্যস্ত করে স্থান সংকুলান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: প্রকৌশল বিভাগ)।

(ঘ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, বর্জ্য ব্যবস্থাপনা শাখা ও নিরাপত্তা শাখা একই কর্মকর্তার অধিনে থাকায় সংশ্লিষ্ট শাখাসমূহে বিভিন্ন সময়ে অভিযান পরিচালনার নিমিত্ত বিভিন্ন কর্মচারীকে দাপ্তরিক প্রয়োজনে এক শাখা হতে আরেক শাখায় কাজ করাতে হয়। উক্ত দুই শাখার আন্তঃ সমন্বয়ের দাপ্তরিক দায়িত্ব সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ক্ষমতায় সম্পন্ন করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া নিরাপত্তা শাখায় বেতনভুক্ত সুপারভাইজার জনাব নাজিম উদ্দিন, ট্রেড লাইসেন্স শাখা, জনাব সেলিম উদ্দিন, স্বাস্থ্য শাখা এবং বর্জ্য ব্যবস্থাপনা শাখার সুপারভাইজার জনাব সুমন চক্রবর্তী, ট্রেড লাইসেন্স শাখায় ডিউটি পালন করছেন। তাদেরকে সংশ্লিষ্ট শাখায় বদলি করার জন্য সভায় উপস্থাপন করেন।

**সিদ্ধান্ত:** প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনাক্রমে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: প্রশাসন শাখা)।

(ঙ) সিলেট সিটি কর্পোরেশনের নিরাপত্তা শাখায় দায়িত্বরত কর্মচারীগণ দায়িত্ব পালন করতে গিয়ে অতিবৃষ্টিতে ভিজে, প্রখর রোদে পুড়ে, শীতকালে ঘন কুয়াশায় ও শৈত্যপ্রবাহের কারণে অনেক সময় শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়ে। জেল পার্কিং, ডাম্পিং ইয়ার্ড ও রিকোভারী প্লান্টে সিলেট সিটি কর্পোরেশনের নিজস্ব স্থায়ী সম্পদ রক্ষিত থাকে। সিলেট সিটি কর্পোরেশনের মূল্যবান সম্পদের রক্ষণাবেক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে নিরাপত্তার কাজে নিয়োজিত কর্মীদের জন্য জেলরোড পার্কিং-১টি, তোপখানা পার্কিং-১টি, ডাম্পিং ইয়ার্ড ও রিকোভারী প্ল্যান্টে-২টি মোট-৪টি অস্থায়ী প্রহরী শেড তৈরী করা প্রয়োজন। স্থানীয় বাজার দর যাচাই পূর্বক প্রতিটি অস্থায়ী প্রহরী শেডের ফ্রেম বাবদ প্রাক্কলিত মূল্য ভ্যাট আইটিসহ (টিন ছাড়া) ৩৪,৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা দরে ৪টি অস্থায়ী প্রহরী শেড তৈরীতে আনুমানিক মোট ৩৪,৫০০×৪= ১,৩৮,০০০/- (এক লক্ষ আটত্রিশ হাজার) টাকা প্রয়োজন হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত সকলে অস্থায়ী প্রহরী শেড নির্মাণের বিষয়ে ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** জেলরোড পার্কিং-১টি, তোপখানা পার্কিং-১টি, ডাম্পিং ইয়ার্ড-১টি ও রিকোভারী প্ল্যান্টে-১টি মোট-৪টি অস্থায়ী প্রহরী শেড নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: বর্জ্য ব্যবস্থাপনা শাখা)।

(চ) সিলেট সিটি কর্পোরেশনের ১৭টি গুরুত্বপূর্ণ স্থানে নিরাপত্তা শাখার ৬৮জন প্রহরী কর্মরত রয়েছেন। উক্ত গুরুত্বপূর্ণ স্থানসমূহের নিরাপত্তা রক্ষার্থে আরও ১০জন প্রহরী নিয়োগ (প্রয়োজনে হাতে বেতনে) সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পরবর্তী সাধারণ সভায় আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** পরবর্তী সাধারণ সভায় পুনরায় আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: বর্জ্য ব্যবস্থাপনা শাখা)।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**২.৩ মুন্সিপাড়া জামে মসজিদে গভীর নলকূপ স্থাপনের বিল পরিশোধ সংক্রান্ত:**

মুন্সিপাড়া জামে মসজিদের মুসল্লিগণের ওজু করার স্বার্থে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য গত ০৫/০৫/২০২৪ তারিখে আবেদন করা হয়েছে। DPM পদ্ধতিতে উক্ত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত গত ২৪/০৬/২০২৪ তারিখে কার্যাদেশ প্রদান করা হয় এবং ২৫/০৬/২০২৪ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিমূল্য ২,৮২,১১০.০০ টাকা। বিল পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়।

**২.৪ সম্প্রসারিত প্রকল্পের আওতায় ১১৩টি প্রকল্পের জন্য Procurement Plan অনুযায়ী টেন্ডার আহবান:**

সম্প্রসারিত প্রকল্পের আওতায় ওয়ার্ড নং ২৮ হতে ৪২ পর্যন্ত মোট ১৫টি ওয়ার্ডে বিভিন্ন সাইজের আরসিসি ড্রেন, আরসিসি রাস্তা, বাউন্ডারী ওয়াল, রিটেইনিং ওয়াল ও কার্পেটিং রাস্তার প্রাক্কলন তৈরি করা হয়েছে। গত ২৭/১১/২০২৪ তারিখে প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় ৩২, ৩৩, ৩৪, ৩৫ ও ৩৬ নং ওয়ার্ড পরিদর্শন করেন। পরিদর্শনকৃত প্রকল্পের সংখ্যা ২৩টি। এ বছর অর্থাৎ ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকল্পের অনুকূলে জিওবি বরাদ্দ ১৬০.০০ কোটি টাকা। ১ম কিস্তিতে ৪০.০০ কোটি টাকা ছাড় করা হয়েছে। ২য় কিস্তিতে টাকা ছাড়ের সর্বশেষ তারিখ ৩১/১২/২০২৪। ১ম কিস্তির টাকা ব্যয় করে ব্যাংক স্টেটমেন্ট দেয়ার পর ২য় কিস্তির টাকা ছাড় করা হবে। সাবেক মেয়র মহোদয় কর্তৃক ৯৯টি প্রকল্পের অনুকূলে ২৩৩.৭৫৯৫ কোটি টাকার টেন্ডার আহবানের জন্য অনুমোদন দেয়া হয়েছিল। প্রকল্পগুলোর টেন্ডার আহবান করা হয়নি। প্রশাসক মহোদয়ের সাথে আলাপ করে নতুন ওয়ার্ড গুলোর জন্য নতুন তালিকা তৈরি করা হয়েছে। প্রকল্পের সংখ্যা ১১৩টি, প্রাক্কলিত ব্যয় ২২৫.০০ কোটি টাকা। সিলেট অঞ্চলে কাজ বাস্তবায়নের উপযুক্ত সময় অক্টোবর থেকে মার্চ/এপ্রিল পর্যন্ত। ADP বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে ডিপিপি এর ক্রয় পরিকল্পনা অনুযায়ী দরপত্র আহবান করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ডিপিপি এর Procurement Plan অনুযায়ী টেন্ডার আহবান করার বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** ডিপিপি এর Procurement Plan অনুযায়ী ১১৩টি প্রকল্পের টেন্ডার আহবান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়ন: প্রকৌশল বিভাগ)। তবে এ ক্ষেত্রে অবশ্যই অনুমোদিত DPP এবং 'PPR, 2008' এর ব্যত্যয় না হয় তা নিশ্চিত করতে হবে, ~~[illegible]~~ [illegible]

**২.৫ শাহজালাল উপশহর এলাকায় অনুমোদনবিহীন নলকূপের ফি আদায়ক্রমে অনুমোদন সংক্রান্ত:**

২০২৪ সনে কেবল নলকূপ স্থাপনের অনুমোদন ফি ধার্য্য আদায় পূর্বক বকেয়া বার্ষিক নবায়ন ফি মওকুফ করে ২০২৫ সাল থেকে নবায়ন ফিস আদায় করার ব্যাপারে বিবেচনা সংক্রান্ত শাহজালাল উপশহর কল্যাণ পরিষদ-এর আবেদন সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পরবর্তী সাধারণ সভায় আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** পরবর্তী সাধারণ সভায় পুনরায় আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: পানি সরবরাহ শাখা)।

**২.৬ মশার ঔষধ লার্ভিসাইড সরবরাহকরণ কাজের NOA জারি এবং এডাল্টিসাইড Tender ID বাতিল সংক্রান্ত:**

মশার ঔষধ লার্ভিসাইড (৭,০০০ লিটার) সরবরাহের জন্য গত ২৪/১১/২০২৪ তারিখে NOA জারি করা হয়েছে এবং ২৮/১১/২০২৪ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। সভাপতি পর্যায়ক্রমে লার্ভিসাইড সরবরাহের জন্য নির্দেশনা প্রদান করেছেন। এডাল্টিসাইড এর জন্য গত ১২/১১/২০২৪ তারিখের সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক দরদাতাগণের নিকট হতে দর বিশ্লেষণ চাওয়া হয়েছে। সর্বনিম্ন দরদাতা ৫১.৩০% কমে দর দাখিল করেছেন। তাঁর দাখিলকৃত Liquid asset Conditional এবং Completed Certificate অসম্পূর্ণ অর্থাৎ Running কাজের Certificate দিয়েছেন তাই তিনি Non responsive হয়েছেন। ২য় সর্বনিম্ন দরদাতা পেরেন্টস এন্টারপ্রাইজ, মিরপুর, ঢাকা ৪৮.৫৯% কমে ২৩৬ টাকা প্রতি লিটারে দর দাখিল করেছেন। ৩য় সর্বনিম্ন দরদাতা মার্শাল এ্যগ্রোভেট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিঃ, মতিঝিল, ঢাকা ৩৯.১৩% কমে ২৮০ টাকা প্রতি লিটারে

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

দর দাখিল করেছেন। ইতিমধ্যে এডাল্টিসাইড ও লার্ভিসাইড এর প্রতি লিটার দর এর জন্য দরপ্রস্তাব চেয়ে Bangladesh Machine Tools Factory (BMTF)-কে পত্র দেয়ার পর BMTF কর্তৃক ২৭/১১/২০২৪ তারিখে এডাল্টিসাইড এর জন্য ৪৬০/- টাকা প্রতি লিটারে এবং লার্ভিসাইডের জন্য ২,৮০০/- টাকা প্রতি লিটারে দর প্রস্তাব দাখিল করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে এডাল্টিসাইড সরবরাহের জন্য তিনটি প্রতিষ্ঠান হতে যে মূল্যে দরপত্র প্রস্তাব করা হয়েছে, বাস্তবে সে মূল্যে চাহিত স্পেসিফিকেশন অনুযায়ী এডাল্টিসাইড সরবরাহ করতে পারবে না মর্মে সভায় উপস্থিত সকলে অভিমত ব্যক্ত করেন। ফলে এডাল্টিসাইড সরবরাহের দরপত্র বাতিল করে DPM পদ্ধতিতে BMTF হতে এডাল্টিসাইড ক্রয়ের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** এডাল্টিসাইড সরবরাহের দরপত্র বাতিল করে DPM পদ্ধতিতে BMTF হতে এডাল্টিসাইড ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে, এ ক্ষেত্রে 'PPR, 2008' এর বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**২.৭ বন্দর বাজার এলাকায় স্টেশন ক্লাবে ইয়ার্ড উন্নয়ন কাজ সংক্রান্ত:**

প্রধান প্রকৌশলী বলেন যে, বন্দর বাজার এলাকায় ১৪ নং ওয়ার্ডের মধ্যে স্টেশন ক্লাবের অভ্যন্তরীণ ইয়ার্ড ৯৭২.৭১ বঃমিঃ (১০৪৬৫.৩৬ বর্গফুট) ৪ ইঞ্চি মিলি পুরত্বের সিসি দ্বারা উন্নয়নের জন্য LTM পদ্ধতিতে টেন্ডার আহবান করা হয়েছে। উক্ত প্রকল্পের প্রাক্কলিত মূল্য ১৮,৮৯,৪৭৭/-(আঠারো লক্ষ উননব্বই হাজার চারশত সাতাত্তর) টাকা। অর্থের উৎস এডিপি থেকে বরাদ্দ। টেন্ডার দাখিলের তারিখ: ০৫/১২/২০২৪। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: প্রকৌশল বিভাগ)।

**২.৮ চারটি প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশনকরণ সংক্রান্ত:**

তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, নগরবাসীকে সুপেয় পানি সরবরাহ করা সিলেট সিটি কর্পোরেশনের একটি অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব। বিভিন্ন কারণে প্রোডাকশন টিউবওয়েলগুলোর উৎপাদন ক্ষমতা কমে গেছে। আসন্ন রমজান মাসে অতিরিক্ত সুপেয় পানির চাহিদা বিবেচনায় নিয়ে নগরবাসীর চাহিদার প্রেক্ষিতে প্রোডাকশন টিউবওয়েল কাজে অভিজ্ঞ পরামর্শকগণ চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল, পিটিআই প্রোডাকশন টিউবওয়েল, করেরপাড়া প্রোডাকশন টিউবওয়েল, আনসার ক্যাম্প প্রোডাকশন টিউবওয়েল এর উৎপাদন ক্ষমতা কমে যাওয়ায় প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন করার পরামর্শ দিয়েছেন। প্রাথমিভাবে চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন এর জন্য ৬,৫৫,৫৮০/-(ছয় লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত আশি) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। রমজান মাসে অতিরিক্ত সুপেয় পানি প্রয়োজন হয়। নগরবাসীর সুপেয় পানির চাদিা দিন দিন বাড়ছে। উক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে প্রাথমিভাবে চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন এর জন্য ৬,৫৫,৫৮০/-(ছয় লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত আশি) টাকা পিপিআর এর বিধান অনুযায়ী ব্যয় করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন এর জন্য ৬,৫৫,৫৮০/-(ছয় লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত আশি) টাকা পিপিআর এর বিধান অনুযায়ী ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: প্রকৌশল বিভাগ)।

**২.১০ শিক্ষা বিষয়ক পরামর্শকের পরামর্শ ফি প্রদান সংক্রান্ত:**

শিক্ষা, সংস্কৃতি, পাঠাগার ও সমাজকল্যাণ কর্মকর্তা জানান, সিলেট মহানগরীর শিক্ষার মান উন্নয়নে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী ০১.০৯.২০২০ খ্রি. তারিখে ২ (দুই) বছরের জন্য শিক্ষা

বিষয়ক প্রধান পরামর্শক হিসেবে সিলেট সরকারি মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যাপক মুহ: হায়াতুল ইসলাম আকঞ্জি এবং সিলেট জেলার সাবেক শিক্ষা অফিসার জনাব অনিল কৃষ্ণ মজুমদারকে শিক্ষা বিষয়ক পরামর্শক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। ১১ এপ্রিল ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় এ নিয়োগ অনুমোদিত হয় এবং বেতন নির্ধারণের জন্য শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। স্থায়ী কমিটির সিদ্ধান্তের আলোকে পরবর্তীতে মাননীয় মেয়র তাদের পরামর্শ ফি নির্ধারণ করেন। বিগত ০১/০৩/২০২৪ খ্রি. তারিখে ভ্যাট ও আয়করসহ প্রতিমাসে সত্তর হাজার টাকা পরামর্শ ফি নির্ধারণ সাপেক্ষে পরবর্তী ১ (এক) বছরের জন্য জনাব অনিল কৃষ্ণ মজুমদারের সঙ্গে পুনরায় চুক্তি স্বাক্ষরিত হয়। আগামী ২৮/০২/২০২৫ খ্রি. তারিখে চুক্তির মেয়াদ শেষ হবে। শিক্ষা বিষয়ক পরামর্শক সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের মতো নিয়মিত অফিস করেন এবং নির্ধারিত ছুটি ভোগ করেন। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন, সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মান উন্নয়নে পরামর্শ প্রদান ও সিটি কর্পোরেশন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করেন। শিক্ষা বিষয়ক পরামর্শ প্রদান ছাড়াও তিনি সময়ে সময়ে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করেন। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর দ্বিতীয় ভাগ, অষ্টম অধ্যায় এর ধারা ৬৬ অনুযায়ী সিটি কর্পোরেশনের পরামর্শক নিয়োগের বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। চুক্তির মেয়াদ পর্যন্ত শিক্ষা বিষয়ক পরামর্শকের পরামর্শ ফি প্রদান করার বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** আগামী ২৮/০২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চুক্তির মেয়াদ অনুযায়ী শিক্ষা বিষয়ক পরামর্শকের পরামর্শ ফি প্রদান করতে হবে (বাস্তবায়নে: হিসাবরক্ষণ শাখা)।

**৩। বিবিধ আলোচনা**

(ক) সিলেট সিটি কর্পোরেশনের অধীনে পরিচালিত বিভিন্ন ওয়ার্ডে বস্তি এলাকায় ১৪টি সিটি স্যাটেলাইট স্কুলের হতদরিদ্র ছাত্র-ছাত্রীদের ২০২৫ অর্থ বছরের পোশাক ও বিভিন্ন শিক্ষা সামগ্রী ক্রয় বাবদ প্রাক্কলন ব্যয় ৮,৭৬,২৬০/- (আট লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত ষাট) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

(খ) সিলেট সিটি কর্পোরেশনের কর্মকর্তা কর্মচারীদের নভেম্বর/২০২৪ মাসের ভবিষ্যৎ তহবিল বাবদ (৭,৫৩,১০৮+২,০৭,৬৪৬+১,৩১,৫০০+৩৮,৫০০+২১,৯২৯+৭,৬৪২) সর্বমোট ১১,৬০,৩২৫/- (এগারো লক্ষ ষাট হাজার তিনশত পঁচিশ) টাকা, ১-৪২নং ওয়ার্ডের নভেম্বর/২০২৪ মাসের অফিস ভাড়া ও কন্টিনজেন্সি খরচ বাবদ ৪,৮০,০০০/-(চার লক্ষ আশি হাজার) টাকা, মাস্টাররোল/চুক্তিভিত্তিক কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ১,৯৬,৩৭,৫৫৮/- (এক কোটি ছিয়ানব্বই লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত আটান্ন) টাকা, আঞ্চলিক অফিসে কর্মরত কর্মচারীদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ৩,০৭,৯২০/-(তিন লক্ষ সাত হাজার নয়শত বিশ) টাকা, নিরাপত্তা ও বর্জ্য শাখায় কর্মরত কর্মচারীদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ৪১,১৪,০০০/-(একচল্লিশ লক্ষ চৌদ্দ হাজার) টাকা, চারাদিঘীরপাড় সিটি বেবী কেয়ার একাডেমীর স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ১,২৬,২০০/-(এক লক্ষ ছাব্বিশ হাজার দুইশত) টাকা, ধোপাদিঘীর পূর্বপাড় জামে মসজিদ ও সিটি কর্পোরেশন পাঞ্জেগানা মসজিদের স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ৭৯,৫০০/- (উনআশি হাজার পাঁচশত) টাকা, টুলটিকর, কুচাই ও বরইকান্দি ইউনিয়নের স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ২৬,৫০০/- (ছাব্বিশ হাজার পাঁচশত), কুইটুক ট্রিটমেন্ট প্লান্টের স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ২,৯০,৩৭০/- (দুই লক্ষ নব্বই হাজার তিনশত সত্তর) টাকা, ওয়ার্ড অফিসে কর্মরত ওয়ার্ড সচিব ও অফিস সহায়কদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ১৩,৫৪,২০০/- (তেরো লক্ষ চুয়ান্ন হাজার দুইশত) টাকা, টিওরবাড়ি জামে মসজিদের স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ২১,০০০/- (একুশ হাজার) টাকা, বাগবাড়ী সিটি একাডেমীর স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ২,২৪,১০০/- (দুই লক্ষ চব্বিশ হাজার একশত) টাকা, ভোলানন্দ নৈশ উচ্চ বিদ্যালয়ের স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ

সিলেট সিটি কর্পোরেশন
নগর ভবন, সিলেট।
ওয়েবসাইট: www.scc.gov.bd

১,২৫,৫০০/- (এক লক্ষ পঁচিশ হাজার পাঁচশত) টাকা, বস্তি উন্নয়ন স্বাস্থ্যকর্মীদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ৫২,০০০/-(বায়ান্ন হাজার) টাকা, জনাব লে: কর্নেল (অবঃ) মোঃ একলিম আবদীন, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা, বীরেশ চন্দ্র উচ্চ বিদ্যালয়ের স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ২,৫৪,১৫০/- (দুই লক্ষ চুয়ান্ন হাজার একশত পঞ্চাশ) টাকা, ওসমান মিয়া মা ও শিশু হাসপাতালের স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ৩,৫৯,২৯০/- (তিন লক্ষ উনষাট হাজার দুইশত নব্বই) টাকা, বস্তি উন্নয়ন স্কুলের শিক্ষিকাদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ১,০৫,০০০/- (এক লক্ষ পাঁচ হাজার) টাকা এবং কুমারগাঁও প্রাথমিক বিদ্যালয়ের স্টাফদের নভেম্বর/২০২৪ মাসের বেতন বাবদ ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে। উপস্থাপিত ব্যয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত ব্যয়সমূহ নিয়মিত ব্যয় হিসেবে নির্বাহ করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক উক্ত ব্যয়সমূহ নির্বাহ করার বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে ব্যয় পরিশোধ করতে হবে (বাস্তবায়নে: হিসাব রক্ষণ কর্মকর্তা)।

৪। পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২.১২.২০২৪

আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
প্রশাসক
সিলেট সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব)
সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.৩৩৭৬ তারিখ: ০২.১২.২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব সুবর্ণা সরকার, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩. জনাব আহসান উদ্দিন আহমদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট
৪. জনাব মোঃ মনিরুজ্জামান, বিভাগীয় উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট
৫. জনাব তারেক রহমান, সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, সিলেট
৬. জনাব মোঃ বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
৭. জনাব মোঃ দেলোয়ার হোসেইন, নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন অধিদপ্তর, সিলেট
৮. জনাব মোঃ জালাল উদ্দিন, বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট
৯. জনাব আবু সাঈদ মোঃ আব্দুল ওয়াদুদ, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, সিলেট
১০. জনাব মোঃ ফারুক আহমদ, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১১. জনাব মোঃ শেখ সাদী রহমতুল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১২. জনাব মোঃ শাহাদাত আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট
১৩. জনাব মোঃ ইলিয়াস আহম্মেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

১৪. জনাব বি এম আশরাফ উল্লাহ তাহের, ডিসি (ট্রাফিক), সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট
১৫. জনাব ডা. মোঃ আনিসুর রহমান, পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট
১৬. জনাব মোঃ লিয়াকত আলী, ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট
১৭. শাখা প্রধান, ........................... (সকল), সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪. ৬৩৭৬ তারিখ: ০২.১২.২০২৪

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, সিলেট (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সংশ্লিষ্ট নথি।

০২/১২/২০২৪

(মোহাম্মদ রেজাই রাফিন সরকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
ফোন: ২৯৯৬৬-৩৩৩৮১
ই-মেইল: ceo@scc.gov.bd